

**ধাপ-৩:** সেবা গ্রহীতাগণ সংশ্লিষ্ট সেবার আবেদন ফরম পূরণ এবং প্রয়োজনীয় কাগজাদি JPG ফরমেটে স্ক্যান করে আপলোড করার পর Save and Submit বাটনে ক্লিক করে আবেদন ফরমটি দাখিল করতে পারবেন। আবেদনপত্র দাখিল করলে Tracking Number তৈরি হবে যা আবেদনকারীর Dashboard-এ সংরক্ষিত থাকবে।

**ধাপ-৪:** আবেদন ফরম পূরণ অসম্পূর্ণ থাকলে বা পরবর্তীতে যাচাই করে Submit করতে চাইলে Draft এ ক্লিক করে Save as Draft এ ক্লিক করতে হবে যা Dashboard-এ সংরক্ষিত থাকবে এবং পরবর্তীতে সম্পাদনা করে দাখিল করা যাবে।

**বিঃ দ্রঃ OLM-এ Re-registration** (পুনঃ নিবন্ধন) এর মাধ্যমে **Digital** সনদ গ্রহণের ক্ষেত্রে ট্র্যাকিং নম্বরের প্রিন্ট কপি, নবায়ন বই ও সনদের মূলকপি সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসে জমা দিতে হবে।

প্রকাশ কাল : ৩০ জুন, ২০১৯

**OLM এর প্রবর্তন  
ব্যবসা বাণিজ্য সহজীকরণ**

**OLM এর বাস্তবায়ন  
ঘরে বসে সেবা গ্রহণ**



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
জাতীয় ক্রীড়া পরিষদ (এনএসসি) ভবন  
লেভেল- ১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।  
www.ccie.gov.bd



**আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের  
Online Licensing Module (OLM)  
এর মাধ্যমে সেবা গ্রহণের পদ্ধতি**

Online সেবা গ্রহণের জন্য সেবা গ্রহীতার ইন্টারনেট সুবিধা সম্পন্ন কম্পিউটার, ডকুমেন্ট দাখিলের জন্য স্ক্যানার এবং সনদ ইস্যু হওয়ার পর প্রিন্ট নেয়ার জন্য প্রিন্টারের প্রয়োজন হবে। এছাড়াও সেবা গ্রহীতার একটি সক্রিয় ই-মেইল এড্রেস ও মোবাইল নম্বর থাকতে হবে।

OLM এর মাধ্যমে অনলাইন সেবা পেতে হলে সকল সেবা গ্রহীতাকে শুরুতেই OLM-এ Registration করতে হবে। একটি ই-মেইল আইডি'র বিপরীতে একবারই Registration করা যাবে। একবার নিবন্ধন করা হলে নিবন্ধনকারী তাঁর/তাঁর প্রতিষ্ঠানের IRC, ERC, Indenting সহ সকল সেবা গ্রহণ করতে পারবেন। নিবন্ধনে ব্যবহৃত ই-মেইল আইডি ও Password পরবর্তীতে Log in করার সময় ব্যবহার করতে হবে। নিবন্ধন ব্যতীত OLM এর মাধ্যমে কোন সেবা গ্রহণ করা যাবে না। মেনুয়্যাল পদ্ধতিতে বিদ্যমান সনদসমূহের ক্ষেত্রে নবায়নসহ অন্যান্য সেবা গ্রহণের জন্য OLM-এ Re-registration করতে হবে।

#### (ক) Registration করার প্রক্রিয়া:

**ধাপ-১:** আমদানি ও রপ্তানি প্রধান

নিয়ন্ত্রকের দপ্তরের ওয়েবসাইট ([www.ccie.gov.bd](http://www.ccie.gov.bd)) এ প্রবেশ করুন।

**ধাপ-২:** মেনুবারের “অনলাইন সেবাসমূহ” মেনু হতে “অনলাইন আবেদন” সাব মেনুতে অথবা হোম পেইজের "Online Application" বক্সে ক্লিক করে OLM এর পেইজ ওপেন করুন।

**ধাপ-৩:** OLM পেইজের উপরে ডান দিকে Help, Login, New Registration লেখা সংবলিত একটি Interface পাওয়া যাবে। সেখান থেকে New Registration option-এ ক্লিক করুন।

**ধাপ-৪:** New Registration option-এ ক্লিক করলে Public service sign up form পাওয়া যাবে যা প্রয়োজনীয় তথ্য দ্বারা পূরণ করতে হবে। ই-মেইল এর বক্সে গ্রাহকের সক্রিয় ই-মেইল আইডি এবং Password এর বক্সে নিজ পছন্দমত একটি গোপন Password (সর্বনিম্ন ৬ ডিজিট) দিতে হবে।

**ধাপ-৫:** Public service sign up form এ সকল তথ্য পূরণের পর Captcha দিয়ে Submit করলে Verify-র জন্য সেবা গ্রহীতার মোবাইলে পিন কোড যাবে। উক্ত কোড দিয়ে Verification করার পর Registration (নিবন্ধন) প্রক্রিয়া সম্পন্ন হবে।

#### (খ) আবেদনপত্র দাখিল প্রক্রিয়া:

**ধাপ-১:** নিবন্ধন (New Registration) সম্পন্ন হওয়ার পর Log in-এ ক্লিক করে নিবন্ধনের সময় ব্যবহৃত ই-মেইল ও Password দিয়ে Log in করুন।

**ধাপ-২:** Log in করার পর সেবা গ্রহীতার নামসহ একটি Interface আসবে। উক্ত Interface এর বামদিকে বিভিন্ন সেবার নামসহ একটি Dashboard পাওয়া যাবে। সেবা গ্রহীতা তাঁর চাহিদা অনুযায়ী সেবা বক্স সিলেক্ট করলে উক্ত সেবা সংশ্লিষ্ট ফরম প্রদর্শিত হবে যা গ্রাহককে পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট কাগজাদি স্ক্যান করে আপলোড করতে হবে।